গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তদন্ত ও শৃঙ্খলা অধিশাখা
www.rthd.gov.bd

নম্বর ৩৫.০০.০০০০.০২৮.২৭.০০৩.১৬-১৯৭

তারিখ : ০৮ আষাঢ় ১৪২৪
২২ জুন ২০১৭

## প্রজ্ঞাপন

যেহেতু জনাব রাকিব আহমেদ (৬০২২৭৭), সহকারী প্রকৌশলী (সাময়িকভাবে বরখাস্ত), প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা গত ২৪.০৮.২০১৫ তারিখে পারিবারিক কারণ উল্লেখ করে গত ২৫.০৮.২০১৫ হতে ২৪.০৯.২০১৫ তারিখ পর্যন্ত ০১ মাসের ছুটির আবেদন তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মনিটরিং সার্কেল, ঢাকা এর বরাবর দাখিল করেন। উক্ত ছুটির আবেদনটি যৌক্তিক ও বিবেচনাযোগ্য না হওয়ায় যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক উহা মঞ্জুর করা হয়নি;

যেহেতু প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর কর্তৃক ০৮.১২.২০১৫ তারিখের ৭পি-১১/২০১৩/ ১৮৮৮(৪)-ই সংখ্যক স্মারকে এ বিভাগকে অবহিত করা হয় যে তিনি বিগত ২৫.০৮.২০১৫ তারিখ হতে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিতির কারণে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের গত ০৩.০১.২০১৬ তারিখের ৩৫.০২২.০১৫.০০.০০.০১২.২০১৩-১০ সংখ্যক প্রজ্ঞাপনমূলে তাঁকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়;

যেহেতু তাঁর উপর্যুক্ত কার্যকলাপের জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ২(ডি) ও ২(এফ) অনুযায়ী যথাক্রমে অসদাচরণ এবং ডিজারশনের অভিযোগে অভিযুক্ত করে তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা নম্বর ০২/২০১৬ রুজু করা হয়;

যেহেতু উক্তরূপ কার্যকলাপের জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ২(ডি) ও ২(এফ) অনুযায়ী অভিযুক্ত করে কেন একই বিধিমালার ৪(৩)(ডি) বিধি অনুযায়ী চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) করা হবে না বা অন্য কোন উপযুক্ত শাস্তি প্রদান করা হবে না মর্মে বিগত ২৬ জানুয়ারি ২০১৬ তারিখে রেজিস্টার্ড/এডি ডাকযোগে তাঁর সম্ভাব্য সকল ঠিকানায় অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করত: তা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ দেয়া হলে গত ১৩.০৩.২০১৬ তারিখ অভিযোগনামার লিখিত জবাব তাহার নিকট হতে ডাকযোগে পাওয়া যায়। লিখিত জবাবে তিনি ব্যক্তিগত শুনানীর জন্য হাজিরা দিতে চেয়েও নির্ধারিত দিনে হাজির হননি;

যেহেতু অভিযোগনামা, অভিযোগ বিবরণী ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি পরীক্ষান্তে বিভাগীয় মামলাটি তদন্তের প্রয়োজনীয়তা অনুভূত হওয়ায় সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ-এর সিনিয়র সহকারী সচিব মোহাম্মদ ফারুক হোসেন-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু তদন্ত কর্মকর্তা গত ০১.০২.২০১৭ তারিখ এ বিষয়ে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত প্রতিবেদনে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত 'ডিজারশন' ও 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(ডি) মোতাবেক চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) গুরুদণ্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং তাঁর বিরুদ্ধে কেন উক্ত গুরুদণ্ড আরোপ করা হবে না, সে মর্মে তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(৬) মোতাবেক ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে জবাব প্রদানের জন্য গত ১৫.০২.২০১৭ তারিখে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ তাঁর দাপ্তরিক, বর্তমান, ও স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হয়;

যেহেতু গত ২৫.০২.২০১৭ তারিখ দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশের জবাব পাওয়া যায় এবং সার্বিক পর্যালোচনা ও বিবেচনায় তাঁকে উল্লিখিত গুরুদন্ড প্রদানের সিদ্ধান্ত বহাল রেখে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(ডি) অনুযায়ী চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) গুরুদণ্ড আরোপের বিষয়ে Bangladesh Public Service Commission (Consultation) Regulations, 1979 এর ৬ নম্বর রেগুলেশনের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এর মতামত চাওয়া হয়। বাংলাদেশ সরকারী কর্ম কমিশন জনাব রাকিব আহমেদ (৬০২২৭৭), সহকারী প্রকৌশলী (সাময়িকভাবে বরখাস্ত), প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা-কে চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) গুরুদণ্ড আরোপের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করে;

(অপর পাতায় দ্রষ্টব্য)

যেহেতু জনাব রাকিব আহমেদ (৬০২২৭৭), সহকারী প্রকৌশলী (সাময়িকভাবে বরখাস্ত), প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫-এর বিধি ৪(৩)(ডি) মোতাবেক চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) করার বিষয়টি মহামান্য রাষ্ট্রপতি সানুগ্রহ অনুমোদন করেছেন;

সেহেতু এক্ষণে জনাব রাকিব আহমেদ (৬০২২৭৭), সহকারী প্রকৌশলী (সাময়িকভাবে বরখাস্ত), প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(ডি) মোতাবেক গত ২৫.০৮.২০১৫ তারিখ থেকে চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) করার গুরুদন্ডে দন্ডিত করা হল।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

২২.০৬.২০১৭

(এম, এ, এন, ছিদ্দিক)
সচিব

নম্বর ৩৫.০০.০০০০.০২৮.২৭.০০৩.১৬-১৯৭/১(১৪)

তারিখ : ০৮ আষাঢ় ১৪২৪
২২ জুন ২০১৭

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)</u> :

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
০৩. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪. সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
০৫. সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা
০৬. অতিরিক্ত সচিব/অতিরিক্ত সচিব (প্রশাসন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, ঢাকা
০৭. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা **(প্রজ্ঞাপনটির সংক্ষিপ্ত সার উক্ত কর্মকর্তার PDS-এ অন্তর্ভুক্ত করার জন্য অনুরোধ করা হল)**
০৮. যুগ্মসচিব (সজস গেজেটেড ও ঢাকা বিআরটি), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(প্রজ্ঞাপনটি উক্ত কর্মকর্তার ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য অনুরোধ করা হল)**
০৯. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১০. সচিবের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, ঢাকা
১১. উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা **(প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশ এবং প্রকাশিত গেজেটের ৫ (পাঁচ) কপি নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হল)**
১২. জনাব রাকিব আহমেদ (৬০২২৭৭), সহকারী প্রকৌশলী (সাময়িকভাবে বরখাস্ত), প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি; প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা
১৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)**
১৪. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা

২২/৬/১৭

(যাহিদা খানম)
যুগ্মসচিব
ফোনঃ ৯৫১৩৬৮৮